

## বঙ্গবন্ধুর বর্ষ

শিক্ষার্থীদের বিনা মূল্যে ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে জয়

# শিগগিরই ওয়াইফাই ১১৮ বিশ্ববিদ্যালয়ে

নিম্ন প্রতিবেদক >

প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, 'শিগগিরই সরকারি-বেসরকারি ১১৮ বিশ্ববিদ্যালয় ওয়াইফাইয়ের আওতায় আনা হবে। আগারগাঁওয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল মিলনায়তনে রবিবার 'ওয়ান স্ট্রুডেন্ট ওয়ান ল্যাপটপ' প্রকল্পের আওতায় এগ্রিম ব্যাংকের সহায়তায় শিক্ষার্থীদের মধ্যে বিনা মূল্যে ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। জয় বলেন, 'দেশের ১১৮টি বিশ্ববিদ্যালয়কে শিগগিরই ফাইবার অপটিক নেটওয়ার্কের আওতায় নিয়ে আসা হচ্ছে। যেখানে সংযোগ থাকবে এক এমবিপিএস। এই বিশ্ববিদ্যালয়গুলোতে ফ্রি ওয়াইফাই জোন করার কাজও আরম্ভ হয়ে গেছে। এ ছাড়া গড়ে তেলা হবে একটি আইটি ইজপ্তি এবং আইটির ওপর দক্ষ জনশক্তি।'

প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা আরো বলেন, 'আওয়ামী লীগ সরকারই ছাত্রছাত্রীদের হাতে ৩৩ কোটি বই বিনা মূল্যে বিতরণ শুরু করে। আজ থেকে বর্তমান সরকার ছাত্রছাত্রীদের বিনা মূল্যে ল্যাপটপ বিতরণ শুরু করল। আওয়ামী লীগের এ অবদান ভুলে গেলে চলবে না।' অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৫০ শিক্ষার্থীকে ল্যাপটপ দেওয়া হয়।

সজীব ওয়াজেদ জয় আশা প্রকাশ করে বলেন, 'আজ যারা বিনা মূল্যে ল্যাপটপ পাচ্ছে তাদের ভেতর থেকেই কেউ না কেউ ভবিষ্যতে ফেসবুক, গুগল তৈরি করবে।'

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, 'ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে আমাদের একটি বড় চ্যালেঞ্জ ছিল অবকাঠামো উন্নয়ন। সে ক্ষেত্রে অনেক দূর এগিয়েছি। সারা দেশে উপজেলা পর্যায় পর্যন্ত প্রায় সব অফিসকে



শিক্ষার্থীদের হাতে ল্যাপটপ তুলে দেন সজীব ওয়াজেদ জয়

ফাইবার অপটিক ক্যাবল সংযোগ প্রদান করা হয়েছে।'

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেন, 'ডিজিটাল বাংলাদেশ এখন বাস্তব সত্য। দেশের প্রতিটি শিক্ষার্থীর হাতে যেন ল্যাপটপ পৌঁছে দেওয়া যায়, সেই বাবছা নেওয়ার জন্যও ব্যাংকগুলোকে একটা পক্ষতি চালু করার আহ্বান জানান তিনি।'

স্বল্প সুদে শিক্ষার্থীদের ঋণ দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে ড. আতিউর রহমান আরো বলেন, 'অর্থ মন্ত্রণালয়ের সহযোগিতা পেলে শিক্ষার্থীদের ল্যাপটপ কেনার জন্য চার শতাংশ সুদে ঋণ বিতরণ করা সম্ভব। দেশে যত গরিব মেধাবী শিক্ষার্থী রয়েছে, তাদের সবার জন্য ল্যাপটপের ব্যবস্থা করা হবে। সামাজিক দায়বদ্ধতা খাত থেকে এটা করা হবে।'

আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, 'তথ্যপ্রযুক্তির অপব্যবহার নয়, সঠিক প্রয়োগের মাধ্যমে দেশকে এগিয়ে নেওয়ার জন্য তরুণ প্রজন্মকে এগিয়ে আসতে বলব।'

নজরুল ইসলাম মজুমদার বলেন,

তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান অর্জনের জন্য ল্যাপটপ একটি গুরুত্বপূর্ণ ডিভাইস। কিন্তু অর্থের অভাবে অনেকেরই তার সেই মেধার পরিপূর্ণ বিকাশ ঘটাতে পারছে না। তিনি বলেন, প্রাথমিকভাবে ৫০০ ল্যাপটপ দেওয়া হলেও পরে আরো দুই হাজার অসচ্ছল মেধাবী শিক্ষার্থীকে ল্যাপটপ দেবে এগ্রিম ব্যাংক।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আইসিটি বিভাগের সচিব শ্যামসুন্দর শিকদার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা আ ম স আরেফিন সিদ্দিক, বুয়েটের উপাচার্য খালেদা একরাম, শাহজালাল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ইলিয়াস উদ্দিন বিশ্বাস, বিটিআরসির চেয়ারম্যান সুনিল কাউলি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব ফাইজুর রহমান, এগ্রিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার প্রমুখ।

অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীদের টেলিটকের পক্ষ থেকে একটি করে ইন্টারনেট মডেম ও কম্পিউটার কাউন্সিলের পক্ষ থেকে একটি করে পেন ড্রাইভ দেওয়া হয়।